# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 09-08-2025** **Time: 7.50 PM.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) কলকাতার  আর জি কর মেডিক্যাল কলেজের পিজিটি তরুণী চিকিৎসকের হত্যাকাণ্ডের ন্যায়বিচারের দাবিতে আজ রাজ্য সচিবালয় নবান্ন অভিযানকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা। পুলিশের লাঠির ঘায়ে অভয়ার মা ও বাবা সহ আহত অনেকে। হাজরা মোড়েও অভয়া মঞ্চের বিক্ষোভ।

নবান্ন অভিযানের নামে বিজেপি পরিকল্পিতভাবে রাস্তায় নেমে অরাজকতা তৈরি করেছে বলে শাসক তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে।

২) আদিবাসীদের উন্নয়নে রাজ্য সরকার ২০১১ সালের তুলনায় বাজেট বরাদ্দ সাত গুণ বৃদ্ধি করেছে।

৩) যাত্রীদের সুবিধার্থে কলকাতা মেট্রো আগামী সোমবার থেকে পার্পল লাইন, গ্রীন লাইন ওয়ান এবং টু-তে ট্রেন পরিষেবা বাড়াচ্ছে।

৪) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রাজ্য জুড়ে রাখি বন্ধন উৎসব পালিত হচ্ছে। রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী এই উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

---

আর জি করে ডাক্তারি পড়ুয়ার ধর্ষণ ও খুনের এক বছর পূর্তিতে বাবা মায়ের ডাকা নবান্ন অভিযানকে কেন্দ্র করে আজ কলকাতার পার্কস্ট্রীট ও হাওড়ার সাঁতরাগাছিতে জনতা পুলিশ খন্ডযুদ্ধ বাধে। সকাল থেকেই সাঁতরাগাছি স্টেশন লাগোয়া এলাকা এবং ধর্মতলার ডোরিনা ক্রসিং-এ আঁটোসাটো নিরাপত্তার বন্দোবস্ত করা হয়। বেলা বাড়তেই বিভিন্ন সংগঠন এবং রাজনৈতিক দলের কর্মীরা নবান্ন চলো কর্মসূচীতে যোগ দিতে পথে নামেন। মিছিলে অংশ নেন সাধু-সন্ত সমাজের প্রতিনিধিরাও। গুরুত্বপূর্ণ সড়কগুলিতে বড় লোহার ব্যারিকেড এবং কন্টেনার দিয়ে অবরোধের ব্যবস্থা করেছিল পুলিশ। বিধানসভা থেকে দলীয় বিধায়কদের সঙ্গে নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ধর্মতলায় পৌঁছলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। কারও হাতেই ছিল না দলীয় পতাকা। মিছিলের অভিমুখ পরিবর্তন করে পার্কস্ট্রীট লাগোয়া এলাকায় পৌঁছলে বাধা দেয় পুলিশ। মিছিলে অংশগ্রহণকারীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি হয়। লাঠিচার্জের অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। নির্যাতিতার মায়ের অভিযোগ, পুলিশ টানাহেঁচড়া করে তাঁর শাঁখা ভেঙে দিয়েছে।

বাইট - অভয়ার মা

লাঠির আঘাতে মা ও বাবা দুজনেই আহত হয়েছেন বলে খবর। তাদের কলকাতার একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

বেশ কিছুক্ষণ অবরোধ বিক্ষোভ চলার পর বিকেল চারটে নাগাদ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আন্দোলন প্রত্যাহার করেন। সেখান থেকে তিনি যান অভয়ার মা বাবাকে দেখতে। পরে সাংবাদিকদের কাছে শুভেন্দু বাবু রাজ্য প্রশাসনের কড়া সমালোচনা করেন।

বাইট - শুভেন্দু

তাদের দেখতে যান জুনিয়ার ডাক্তারদের প্রতিনিধিরাও।

এদিকে, অভয়া মঞ্চ এবং চিকিৎসকদের কয়েকটি সংগঠনের ডাকে কালিঘাট চলো অভিযান ঠেকাতেও হাজরা মোড় লাগোয়া এলাকায় ব্যাপক পুলিশি বন্দোবস্ত করা হয়। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

হাওড়ার বিগার্ডেন সিটিজেনস ফর জাস্টিসের এর পক্ষ থেকে আজ বিকেলে অভয়ার জন্যে ন্যায় বিচারের দাবীতে রাখী বন্ধন ও সাংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করা হয়। শিবপুর IIEST- 1st গেটের সামনে এই কার্যক্রম হবে।

অভয়ার জন্য দ্রুত ন্যায়বিচারের দাবিতে আজ বিকেলে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে প্রতিবাদ বিক্ষোভে শামিল হয়েছেন চিকিৎসক পড়ুয়ারা। ওঠে "উই ওয়ান্ট জাস্টিস" শ্লোগান।

বর্ধমানের কার্জন গেট চত্বরে ন্যাবিচারের দাবিতে আজ বিক্ষোভ দেখান প্রতিবাদীরা। মিছিল হয় পুরুলিয়াতেও।

---------------------

নবান্ন অভিযানে পুলিশকে হুমকি দেবার অভিযোগে বিজেপি বিধায়ক অশোক দিন্দার বিরুদ্ধে FIR দায়ের করেছে কলকাতা পুলিশ। এছাড়াও নবান্ন অভিযানে পুলিশ আজ ছটি এফআইআর দায়ের করেছে। পুলিশ সূত্রে জানানো হয়েছে যে কলকাতা হাইকোর্টের শান্তিপূর্ণভাবে মিছিল এর নির্দেশ এদিন মানা হয়নি। পুলিশকেও আক্রমণ করা হয়েছে। অভয়ার মা ও বাবার উপর লাঠিচার্জ এর যে অভিযোগ হয়েছে তা মিথ্যা বলেও পুলিশ দাবি করেছে।

---------------------

রাখি বন্ধন উৎসব বন্ধ করতে বিজেপি পরিকল্পিতভাবে আজ নবান্ন অভিযানের নামে রাস্তায় নেমে অরাজকতা তৈরি করেছে বলে শাসক দল তৃণমূল কংগ্রেস পাল্টা অভিযোগ করেছে। রাজ্যের মন্ত্রী শশী পাঁজা এক সাংবাদিক বৈঠকে বলেন, বিজেপি বাংলা বিরোধী, বাংলা ভাষা বিরোধী এবং বাংলার সংস্কৃতি বিরোধী।

বাইট

---------------------

নবান্ন অভিযানে পুলিশের লাঠিচার্জের কড়া সমালোচনা করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। অধীর বাবু বলেন, আরজি কর হাসপাতালের তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুনের ঘটনা আজও সবার স্মৃতিতে রয়েছে। আরজি কর কান্ডের প্রতিবাদে সারা বাংলার মানুষ প্রতিবাদ করেছে। অভয়ার বাবা-মা ন্যায় বিচারের দাবিতে সর্বত্র দৌড়ে বেড়াচ্ছেন। মুখ্যমন্ত্রীর কড়া সমালোচনা করে অধীর বাবু বলেন, বাংলার মুখ্যমন্ত্রী এই নৃশংস ঘটনার বিরুদ্ধে প্রতিবাদকে কন্ঠরোধ করতে চাইছেন।

---------------------

নবান্ন অভিযানে যোগ দেওয়া অভয়ার শোকার্ত বাবা-মাকে মারধরের তীব্র নিন্দা করেছে SUCI কমিউনিস্ট। এক বিবৃতিতে দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য্য বলেন, এই ঘটনা পুলিশি বর্বরতার প্রমাণ।

---------------------

আদিবাসীদের উন্নয়নে রাজ্য সরকার ২০১১ সালের তুলনায় দপ্তরের বাজেট ৭ গুণের বেশি বৃদ্ধি করেছে। বিশ্ব আদিবাসী দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ

এক্স হান্ডেলে এই তথ্য দিয়ে বলেন, বন অধিকার আইনে রাজ্য সরকার গত চোদ্দ বছরে ৪৯ হাজার আদিবাসীকে ফরেস্ট পাট্টা এবং ৮৫১ টি কমিউনিটি ফরেস্ট পাট্টা দিয়েছে। আদিবাসী মানুষদের জমি হস্তান্তর ঠেতেও বিশেষ আইন করা হয়েছে বলেও তিনি উল্লেখ করেছেন।

---------------------

যথাযোগ্য মর্যাদায় রাজ্যজুড়ে বিশ্ব আদিবাসী দিবস পালন করা হচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই উপলক্ষে সোশ্যাল মিডিয়ায় শুভেচ্ছা জানিয়েছেন। সরকার আদিবাসী কল্যাণে অনেক কাজ করেছে বলেও জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

বিশ্ব আদিবাসী দিবসে তপশিলি উপজাতিভুক্ত ছাত্রছাত্রীদের বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য বর্ধমানে শুরু হয়েছে একলব্য নামে একটি নতুন প্রকল্প। বর্ধমান পুলিশ লাইন অডিটোরিয়ামে আজ এর আনুষ্ঠানিক উদ্বোধন হয়। উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী স্বপন দেবনাথ, জেলাশাসক আয়েসা রানী, বর্ধমানের বিভাগীয় বনাধিকারিক সঞ্চিতা শর্মা প্রমুখ। জেলা পুলিশ ও একটি বেসরকারি কোচিং সেন্টারের যৌথ উদ্যোগে চালু হওয়া এই প্রতিষ্ঠান থেকে সম্পূর্ণ বিনা খরচে প্রশিক্ষণ দেওয়া হবে।

---------------------

ঐতিহাসিক ভারতছাড়ো আন্দোলনের বর্ষ পূর্তি উপলক্ষে আজ প্রদেশ কংগ্রেস কার্যালয়ে বিধানভবনে আগস্ট আন্দোলনের বিপ্লবীদের শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। শ্রদ্ধা জানান প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, প্রবীণ কংগ্রেস নেতা প্রদীপ ভট্টাচার্য্য প্রমুখ।

---------------------

সারা ভারত মতুয়া মহাসংঘের উদ্যোগে বনগাঁ মহকুমার নাগরিকত্বের ফর্ম পূরণের এক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয় ঠাকুরবাড়িতে। নদীয়া ছাড়াও হুগলী, উত্তর ২৪ পরগণা, হাওয়াড়র মত জেলাগুলি থেকেও অনেকে এই শিবিরে যোগ দিয়েছেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা মতুয়া মহাসংঘের সংঘাধিপতি শান্তনু ঠাকুর বলেন, প্রায় ১০ হাজারের বেশি মানুষ ইতোমধ্যেই CAA-এর ফর্ম ফিলাপ করেছেন। তৃণমূল কংগ্রেস মানুষকে ভুল বুঝিয়ে এই বিষয়ে ভীতি ছড়াচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

বাইট

---------------------

যাত্রীদের সুবিধার্থে কলকাতা মেট্রো আগামী সোমবার থেকে পার্পল লাইন, গ্রীন লাইন ওয়ান এবং টু-তে ট্রেন পরিষেবা বৃদ্ধি করছে। গ্রীন লাইন ওয়ানে শিয়ালদা থেকে সল্টলেক সেক্টর ফাইভ পর্যন্ত ট্রেনের সংখ্যা ১০৬ থেকে বাড়িয়ে ১০৮, গ্রীন লাইন টু-তে হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেড পর্যন্ত রেকের সংখ্যা বাড়িয়ে ১৩৪ করা হচ্ছে। অন্যদিকে, পার্পল লাইনে জোকা-মাঝেরহাটের মধ্যে ট্রেন সংখ্যা ৭২ টির পরিবর্তে ৮০ টি হচ্ছে বলে জানা গেছে। তবে শনি ও রবিবার কোনো ট্রেন পরিষেবা মিলবেনা।

---------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রাজ্যজুড়ে রাখি বন্ধন উৎসব পালিত হচ্ছে।

(গান – রাখি)

রাজ্যপাল সিভি আনন্দ বোস সকলকে রাখী-বন্ধনের শুভেচ্ছা ও শুভকামনা জানিয়েছেন। আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি জানান, এই উৎসব কেবল ভাই

বোনের চিরন্তন বন্ধনের প্রতীকই নয়, বরং সমাজের প্রত্যেক সদস্যের মধ্যে সৌহার্দ্য, পারস্পরিক সমঝোতা ও ঐক্যের ভাবকেও সুদৃঢ় করে তোলে। রাখী-বন্ধন সুরক্ষা ও স্নেহ, কর্তব্যবোধ ও মমতার পবিত্র অর্থ বহন করে বলে রাজ্যপাল মনে করেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাখি বন্ধন উপলক্ষে রাজ্যবাসী শুভেচ্ছা জানিয়েছে।

--------------------

সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি চলেছে। উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, কোচবিহার জেলায় আজ ভারি বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে। দক্ষিণবঙ্গের বাঁকুড়া, পুরুলিয়া সহ পশ্চিমের জেলাগুলিতেও রয়েছে হলুদ সতর্কতা।

পাশাপাশি আগামী ১৩ তারিখ পশ্চিম মধ্য বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ এলাকা তৈরির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

--------------------

মোহনবাগান সুপার জায়ান্ট ও ডায়মন্ড হারবার এফসি আজ ডুরান্ড কাপের গ্রুপ বি, শেষ লিগ ম্যাচে মুখোমুখি হয়েছে। খেলা শুরু হয়েছে সন্ধ্যা সাতটায়।

-------------------- --------------------